

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর বাংলাদেশ  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
বাজেট শাখা  
www.fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.০০০০.১১৭.০৪.০২১.১৯.৯৫৯

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৬  
২৯ জুলাই ২০১৯

প্রাপক:

- ১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,  
.....।
- ৩) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,  
.....।
- ৪) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,  
.....।

বিষয়: ২০১৯-২০২০ আর্থিক সালে অনুন্নয়ন “১৪৪০২০৪-৩২৫৪১০১-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য”  
খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

চলতি ২০১৯-২০২০ অর্থ বৎসরে অনুন্নয়ন “১৪৪০২০৪-৩২৫৪১০১-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে বরাদ্দকৃত অর্থ হতে অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত দপ্তরের অনুকূলে ৪,৮৬,০০,০০০/- (চার কোটি ছিয়াশি লক্ষ) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হলো। উল্লেখ্য, আয়ন ব্যয়ন কর্মকর্তাকে নিম্নলিখিত শর্তাদি পরিপালন সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে।

১. বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রমেই ব্যয় করা যাবে না।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-মপ্রাম/ম-৩(পোনা অবমুক্ত)-০৫/২০১০/২১৪ তারিখ: ১২/০২/২০১৩ খ্রি: অনুযায়ী জারীকৃত পোনা মাছ অবমুক্তি কার্যক্রমের অনুমোদিত নির্দেশাবলী-২০১২ মোতাবেক কার্যক্রম গ্রহণসহ পিপিআর, ২০০৮ অনুসরণে পোনা মাছের ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩. স্থানীয় মাননীয় সংসদ সদস্য/ জনপ্রতিনিধি / পোনা অবমুক্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে পোনা মাছ অবমুক্ত করতে হবে। পোনা অবমুক্তি কার্যক্রমের স্থির চিত্র ধারণপূর্বক সংরক্ষণ করতে হবে।
৪. বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের পর পোনা মাছ অবমুক্তির বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক খরচের হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে সচিত্র প্রতিবেদনসহ প্রেরণ করতে হবে।
৫. ব্যক্তি মালিকানাধীন কোন জলমহাল/জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা যাবে না।
৬. উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল জলমহাল/জলাশয়ে ইতোমধ্যে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে কিংবা চলতি অর্থ বছর পোনা মাছ অবমুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে এমন জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা যাবে না।
৭. পোনা মাছ অবমুক্তির জন্য নির্বাচিত জলাশয়ে মাছের সম্ভাব্য মজুদ/উৎপাদন এ তথ্য সংরক্ষণের ব্যবস্থা করতে হবে যাতে পোনা মাছ অবমুক্তির পর সংশ্লিষ্ট জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির পরিমাণ নিরূপণ করা যায়।
৮. রুই, কাতল, মৃগেল, কালিবাউস, ঘনিয়া প্রভৃতি মাছের পোনা অবমুক্ত করতে হবে। ১০-১৫ সেঃ মিঃ আকারের রুই, কাতল, মৃগেল, কালিবাউস, ঘনিয়ার সুস্থ-সবল পোনা অবমুক্ত করতে হবে।